দৈনিক
আমাদের সময়

তারিখ ... 18 MAY 2016 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৬ ...

# রাজশাহী কলেজের দুটি হোস্টেলে ছাত্রলীগের অগ্নিসংযোগ

**নিজস্ব প্রতিবেদক, রাজশাহী** ॥ রাজশাহী কলেজের এক ছাত্রলীগ কর্মীকে মারধর করেছেন ছাত্রদল নেতাকর্মীরা। এর জের ধরে ছাত্রলীগের নেতাকর্মীরা কলেজটির দুটি আবাসিক হোস্টেলের (ছাত্র) কয়েকটি কক্ষে অগ্নিসংযোগ করেছেন। গতকাল মঙ্গলবার বিকাল ৩টার দিকে রাজশাহী কলেজের বীরশ্রেষ্ঠ মুন্সি আবদুর রউফ ও বীরশ্রেষ্ঠ মোস্তফা কামাল হোস্টেলে এ অগ্নিসংযোগের ঘটনা ঘটে। পরে ফায়ার সার্ভিসের একটি ইউনিট ঘটনাস্থলে গিয়ে আগুন নিয়ন্ত্রণে আনে।

কলেজের কয়েকজন শিক্ষার্থী জানান, পূর্ব বিরোধের জের ধরে রাজশাহী কলেজ ছাত্রদলের কয়েকজন নেতাকর্মী গতকাল দুপুর ২টার দিকে ছাত্রলীগ কর্মী ও কলেজের রসায়ন বিভাগের চতুর্থ বর্ষের শিক্ষার্থী শাহিনুর রেজা শাহিনকে একটি হোস্টেলের কক্ষে নিয়ে যান। সেখানে কলেজ ছাত্রদলের সভাপতি মোর্তুজা ফাহিম ও সাধারণ সম্পাদক মাকসুদুর রহমান সৌরভ তাকে মারপিট করেন। পরে তারা সেখান থেকে চলে যান। এরপর অন্য শিক্ষার্থীরা ওই ছাত্রলীগ কর্মীকে উদ্ধার করে রাজশাহী মেডিক্যাল কলেজ (রামেক) হাসপাতালে ভর্তি করান। এ খবর ছড়িয়ে পড়লে বেলা আড়াইটার দিকে ছাত্রলীগের নেতাকর্মীরা ওই হোস্টেল দুটিতে গিয়ে ছাত্রদলের নেতাকর্মীদের খুঁজতে থাকেন।